# ADVOCATES' PREMIER LEAGUE BD
# (SEASON-3) 2026

তারিখঃ ০৬.০৯ .২০২৬ ইং

বরাবর,
সভাপতি/সাধারণ সম্পাদক
সুনামগঞ্জ জেলা আইনজীবী সমিতি, সুনামগঞ্জ।

বিষয়ঃ বাংলাদেশের সকল জেলা বারের আইনজীবীদের নিয়ে আয়োজিত একমাত্র ক্রিকেট টুর্নামেন্ট এ্যাডভোকেটস্ প্রিমিয়ার লীগ বাংলাদেশ (এপিএল বিডি) সীজন ০৩ টুর্নামেন্টে অংশগ্রহণ প্রসঙ্গে।

জনাব,

সশ্রদ্ধ সালাম ও আন্তরিক শুভেচ্ছা গ্রহণ করবেন। অত্যন্ত আনন্দের সঙ্গে অবহিত করছি যে, খেলাধুলার চর্চা, পারস্পরিক সৌহার্দ, আইনি ভ্রাতৃত্ববোধ সুদৃঢ়করণ লক্ষ্যে বাংলাদেশের সকল আইনজীবীদের নিয়ে ক্রিকেট **টুর্নামেন্ট এ্যাডভোকেটস্ প্রিমিয়ার লীগ বাংলাদেশ (এপিএল বিডি) - সীজন ০৩** আগামী ১৬ই অক্টোবর, ২০২৬ ইং তারিখ অনুষ্ঠিত হতে যাচ্ছে।

আপনারা জেনে আনন্দতি হবেন যে, একদল স্বপ্নবাজ, পরিশ্রমী এবং দূরদর্শী আইনজীবীদের উদ্যোগে ২০২৪ সাল থেকে সমগ্র বাংলাদেশের আইনজীবীদের একই ছায়ায় নিয়ে আসা, পেশাগত যোগাযোগ এবং বিনোদনের লক্ষ্যে উৎসব মুখর পরিবেশে আয়োজিত হয়ে আসছে।

২০২৪ সালে ৩২টি দল এবং ৫০০ এর অধিক আইনজীবীর স্বতঃস্ফূর্ত অংশগ্রহণের মাধ্যমে উৎসব মুখর পরিবেশে যাত্রা শুরু করে এ্যাডভোকেটস্ প্রিমিয়ার লীগ বাংলাদেশ (এপিএল বিডি) - সীজন ০১। উক্ত টুর্নামেন্টের প্রতিটি খেলা সরাসরি সম্প্রচার করা হয় এ্যাডভোকেটস্ প্রিমিয়ার লীগ বাংলাদেশ (এপিএল বিডি) এর নিজস্ব ফেইসবুক পেইজ ও ইউটিউব চ্যানেল **Advocate's Premier League BD** এর মাধ্যমে, ফলশ্রুতিতে প্রায় ৩০,০০০ এর অধিক দর্শক একযোগে সরাসরি উপভোগ করেন টুর্নামেন্টের প্রত্যেকটি ম্যাচ। ৩২টি দলের হাড্ডাহাড্ডি লড়াই শেষে চ্যাম্পিয়নের মুকুট পরিধান করেন চট্টগ্রাম বার এ্যাসোসিয়েশন এবং রানার-আপ দল হিসেবে গৌরব অর্জন করেন ব্রাহ্মণবাড়িয়া বার এসোসিয়েশন। পুরস্কার হিসেবে চ্যাম্পয়িন দল অর্জন করেন একটি **আকর্ষণীয় চ্যাম্পিয়ন ট্রফি এবং ৫০,০০০.০০/- (পঞ্চাশ হাজার) টাকার প্রাইজমানি** সেই সাথে রানার-আপ দল অর্জন করেন একটি **আকর্ষণীয় রানার-আপ ট্রফি এবং ৩০,০০০.০০/- টাকার প্রাইজমানি** এবং টুর্নামেন্ট জুড়ে একক নৈপুণ্যে প্রদর্শনের জন্য একাধিক খেলোয়াড়কে বিভিন্ন ক্যাটাগরিতে দেওয়া হয় পুরস্কার।

তারই ধারাবাহিকতায় ২০২৫ সালে ২৮টি দল এবং ৫০০ এর অধিক আইনজীবীর স্বতঃস্ফূর্ত অংশগ্রহণের মাধ্যমে উৎসব মুখর পরিবেশে আবারও শুরু হয় এ্যাডভোকেটস্ প্রিমিয়ার লীগ বাংলাদেশ (এপিএল বিডি) - সীজন ০২। প্রথম টুর্নামেন্টের ন্যায় প্রতিটি খেলা সরাসরি সম্প্রচার করা হয় এ্যাডভোকেটস্ প্রিমিয়ার লীগ বাংলাদেশ (এপিএল বিডি) এর নিজস্ব ফেইসবুক পেইজ ও ইউটিউব চ্যানেল এ্যাডভোকেটস্ প্রিমিয়ার লীগ বিডি এবং বাংলাদেশের একমাত্র স্পোর্টস চ্যানেল টি স্পোর্টস এর মাধ্যমে, ফলশ্রুতিতে প্রায় ২,০০,০০০ এর অধিক দর্শক একযোগে

Address: Hall Room No. 2 ( 216), Supreme Court Bar Association
+88 01884 485 066 || +88 01718 818 676 advocatepremierleauge@gmail.com

# ADVOCATES' PREMIER LEAGUE BD (SEASON-3) 2026

সরাসরি উপভোগ করেন টুর্নামেন্টের প্রত্যেকটি ম্যাচ। চমক হিসেবে টুর্নামেন্টের কোয়ার্টার ফাইনাল, সেমিফাইনাল এবং ফাইনাল ম্যাচ অনুষ্ঠিত হয় **বসুন্ধরা স্পোর্টস সিটির ক্রিকেট গ্রাউন্ডে ফ্লাড লাইটের আলোতে।** ২৮টি দলের হাড্ডাহাড্ডি লড়াই শেষে চ্যাম্পিয়নের মুকুট পরিধান করেন চট্টগ্রাম বার এ্যাসোসিয়েশন এবং রানার-আপ দল হিসেবে গৌরব অর্জন করেন বাংলাদেশ সুপ্রীম কোর্ট বার এসোসিয়েশনের ব্যাচ ২২। পুরস্কার হিসেবে চ্যাম্পয়িন দল অর্জন করেন একটি **আকর্ষণীয় চ্যাম্পিয়ন ট্রফি এবং ৮০,০০০.০০/- (পঞ্চাশ হাজার) টাকার প্রাইজমানি** সেই সাথে রানার-আপ দল অর্জন করেন একটি **আকর্ষণীয় রানার-আপ ট্রফি এবং ৫০,০০০.০০/- টাকার প্রাইজমানি** এবং টুর্নামেন্ট জুড়ে একক নৈপুণ্যে প্রদর্শনের জন্য একাধিক খেলোয়াড়কে বিভিন্ন ক্যাটাগরিতে দেওয়া হয় পুরস্কার।

প্রিয় সুধী, সীজন ০১ এবং ০২ এর ধারাবাহিকতায় এবারও অনুষ্ঠিত হতে যাচ্ছে এ্যাডভোকেটস্ প্রিমিয়ার লীগ বাংলাদেশ (এপিএল বিডি) - সীজন ০৩। আয়োজক কমিটি বিশ্বাস করে নতুনত্বে এবং বিজ্ঞ আইনজীবীদের জন্য ভিন্ন কিছু করতে আর সেই লক্ষ্যে এবারের কোয়ার্টার ফাইনাল, সেমিফাইনাল এবং ফাইনাল ম্যাচগুলো অনুষ্ঠিত হবে **কক্সবাজার আন্তর্জাতিক ক্রিকেট স্টেডিয়াম, কক্সবাজার।** বরাবরের মত এবারও উক্ত টুর্নামেন্টের প্রত্যেকটি ম্যাচ সরাসরি সম্প্রচার করা হবে। টুর্নামেন্টের রেজিস্ট্রেশন ফী বাবদ নির্ধারণ করা হয়েছে **২০,০০০.০০/- (বিশ হাজার টাকা)** মাত্র। রেজিস্ট্রেশনের শেষ সময় **৩০শে সেপ্টেম্বর, ২০২৬** ইং তারিখ এবং টুর্নামেন্ট শুরু **১৬ই অক্টোবর, ২০২৬** ইং তারিখ।

অতএব, আইনজীবীদের এই মহোৎসবে সামিল হতে নির্ধারিত তারিখের আগে রেজিস্ট্রেশন সম্পন্ন করার জন্য আয়োজক কমিটির পক্ষ থেকে উদ্যত আহ্বান জানাচ্ছি। রেজিস্ট্রেশন করতে এবং টুর্নামেন্ট সম্পর্কিত যেকোন তথ্যের জন্য যোগাযোগ করুন ০১৮৮৪-৪৮৫০৬৬ এই নম্বরে। আপনাদের সহযোগীতায় এ্যাডভোকেটস্ প্রিমিয়ার লীগ বাংলাদেশ (এপিএল বিডি) আয়োজক কমিটি বদ্ধ পরিকর।

পত্রান্তে, আপনার এবং আপনার দলের প্রত্যেক সদস্যের উত্তরোত্তর সাফল্য কামনা করছি।

বিনীত

খায়রুল হাসান সরকার (নাঈম)
আইনজীবী
বাংলাদেশ সুপ্রীম কোর্ট
সাধারণ সম্পাদক
এ্যাডভোকেটস্ প্রিমিয়ার লীগ বিডি (এপিএল বিডি)